

# কালের কণ্ঠ

আপডেট : ১ এপ্রিল, ২০১৯ ২২:৫৬

## এইচএসসির প্রথম দিনে অনুপস্থিত ১৫ হাজার

প্রশ্ন ফাঁসের ঘটনা ঘটবে না : শিক্ষামন্ত্রী



এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে গতকাল। পরীক্ষা চলাকালে রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজের সামনে অভিভাবকদের ভিড়।  
ছবি : কালের কণ্ঠ

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার প্রথম দিনে গতকাল সোমবার সারা দেশের ১০টি বোর্ডে মোট ১৪ হাজার ৯৮৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া পরীক্ষায় নকলের অভিযোগে ২৭ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

সকাল ১০টা থেকে সারা দেশে একযোগে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয়। এবার দেশের দুই হাজার ৫৭৯টি কেন্দ্রে মোট ১৩ লাখ ৫১ হাজার ৫০৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে ছাত্র ছয় লাখ ৬৪ হাজার ৪৯৬ এবং ছাত্রী ছয় লাখ ৮৭ হাজার ৯ জন।

এইচএসসি পরীক্ষা উপলক্ষে গতকাল রাজধানীর বেইলি রোডের সিদ্ধেশ্বরী গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, ‘এইচএসসি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের কোনো ঘটনা ঘটবে না। আমি আশা করি, এসএসসি পরীক্ষার মতোই এইচএসসি পরীক্ষাও সুষ্ঠুভাবে সম্পন্ন হবে।’

শিক্ষামন্ত্রী বলেন, ‘তৃতীয় শ্রেণি পর্যন্ত পরীক্ষা না থাকার বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কাজ করছে। আমরাও শিক্ষানীতি ২০১০ অবশ্যই বাস্তবায়ন করব। তবে একবারে তো করা সম্ভব হবে না, পর্যায়ক্রমে করা হবে।’

এসএসসি পরীক্ষার সময় প্রশ্নপত্র ছাপার সমস্যার বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, ‘একটি জায়গায় ছাপা কিছু অস্পষ্ট ছিল, একটি প্রশ্নপত্রে দুই পৃষ্ঠায় দুই রকম প্রশ্ন ছাপা হয়েছিল, সেই পরীক্ষা বাতিল করে আবার নেওয়া হয়েছে। আমরা আশা করছি, এবার কোনো সমস্যা হবে না।’

সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানোর বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, ‘গোয়েন্দা সংস্থা নজরদারি করছে। কেউ যদি কোনো অপকর্মের সঙ্গে জড়িত থাকে, প্রতারণা করে, গুজব ছড়ায় তাহলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।’ ১ এপ্রিল থেকে ৬ মে পর্যন্ত সব ধরনের কোচিং সেন্টার বন্ধ থাকবে জানিয়ে তিনি বলেন, প্রতিটি জেলা, উপজেলার প্রশাসন বিষয়টি মনিটর করছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, এইচএসসি পরীক্ষার প্রথম দিন ঢাকা বোর্ডে মোট তিন হাজার ৪০ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। নকলের দায়ে একজন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রাজশাহী বোর্ডে অনুপস্থিত এক হাজার ৪৪৬। কুমিল্লা বোর্ডে অনুপস্থিত ৮৫১, বহিষ্কার ১। যশোর বোর্ডে অনুপস্থিত এক হাজার ১৫৬, বহিষ্কার ১। চট্টগ্রাম বোর্ডে অনুপস্থিত ৯৮৩, বহিষ্কার ১। সিলেট বোর্ডে অনুপস্থিত ৭১৯। বরিশাল বোর্ডে অনুপস্থিত ৮০৩, দিনাজপুর বোর্ডে অনুপস্থিত এক হাজার ১৬২ জন।

অন্যদিকে মাদরাসা বোর্ডে অনুপস্থিত দুই হাজার ৬১৪, বহিষ্কার ১। কারিগরি বোর্ডে অনুপস্থিত দুই হাজার ২১৪, বহিষ্কার ২২ জন। সব মিলিয়ে উপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা ১০ লাখ ৭৮ হাজার ৬০১ জন। অনুপস্থিত ১৪ হাজার ৮৯৯। বহিষ্কারের সংখ্যা ২৭।

সময়সূচি অনুযায়ী ১ এপ্রিল থেকে ১১ মে পর্যন্ত অনুষ্ঠিত হবে লিখিত পরীক্ষা। ১২ থেকে ২১ মের মধ্যে ব্যবহারিক পরীক্ষা হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com